



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/২৮৫ ১৫।৬৪

তারিখ : ১৭ জুলাই, ২০১৯

### নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপকের ০১টি (এক)টি শূন্য পদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন ক্ষেত্র : ৫৬৫০০-৭৪৮০০/=

### যোগ্যতা /অভিজ্ঞতা

প্রার্থীকে সংশ্লিষ্ট ক্ষেত্রে বিশেষজ্ঞ হতে হবে। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনসিটিউট থেকে পিএইচডি বা সমমান ডিগ্রিসহ কমপক্ষে ১২ (বার) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/গবেষণার অভিজ্ঞতা\* থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৩ (তিনি) বছর সহযোগী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা\* থাকতে হবে। বিশ্ববিদ্যালয় স্বীকৃত\* গবেষণা সাময়িকীতে সংশ্লিষ্ট বিষয়ে প্রকাশিত প্রার্থীর কমপক্ষে ৮ (আট)টি মৌলিক গবেষণা প্রবন্ধ থাকতে হবে। তার মধ্যে সহযোগী অধ্যাপক/সম্মান পদে থাকাকালীন ৩ (তিনি)টি মৌলিক গবেষণা প্রবন্ধ থাকতে হবে।

\*চিহ্নিত বিভিন্ন শব্দের ব্যাখ্যা :

\*বিশ্ববিদ্যালয় স্বীকৃত গবেষণা সাময়িকী বলতে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউপিল কর্তৃক স্বীকৃত গবেষণা সাময়িকী বুৰাবে। (তবে একাডেমিক কাউপিল কর্তৃক স্বীকৃত জার্নালের তালিকা প্রস্তুত না হওয়া পর্যন্ত মৌলিক গবেষণা প্রবন্ধ মূল্যায়নের বিষয়টি বাছাই বোর্ডের বিবেচনাধীন থাকবে)।

\* অভিজ্ঞতা বলতে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সময়কালকে পূর্ণ অভিজ্ঞতা (১০০%) হিসাবে গণ্য হবে, অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সময়কালকে ৭৫% হিসাবে গণ্য করা হবে। স্নাতক (সম্মান) এবং মাস্টার্স পর্যায়ে শিক্ষাপ্রদানকারী জাতীয় ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং সরকার ও বিশ্ববিদ্যালয় স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের অভিজ্ঞতার সময়কালকে ৫০% হিসাবে গণ্য করা হবে।

\* প্রতিটি পেটেন্ট একটি প্রবন্ধের সমতুল্য হিসেবে গণ্য হবে।

\* জার্নাল বলতে Peer reviewed জার্নাল বুৰাবে।

### আবেদনপত্র জমাদান :

রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর ৭০০/= (সাতশত) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ১১ সেট দরখাস্ত (ত্বরিতে ২সেট ইংরেজীতে) আগামী ২৯<sup>o</sup> আগস্ট, ২০১৯ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দণ্ডের থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্পর্কিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট ([www.sust.edu](http://www.sust.edu)) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ/বিবেচনা করা হবে না।

২৭২৮

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)  
রেজিস্ট্রার

২২।৭।১৯।১৯